# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইল dgmsme@krishibank.org.bd

ফোনঃ ৯৫৫০৪০৩


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ১৫৬৯(১২০৩) তারিখঃ ২৮/১২/২০২০

মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ
ও
স্থানীয় মুখ্য কার্যালয়।
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ ঃ ২০২০-২১ অর্থবছরে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। ২০২০-২১ অর্থবছরে অত্র ব্যাংকে ব্যবসায়িক খাতের মধ্যে কৃষির পরই এসএমই খাতকে সর্বোচ্চ গুরুত্বপূর্ন খাত হিসাবে চিহ্নিত করে এ খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৩৫০০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। উল্লেখিত লক্ষ্যমাত্রা বিভাগীয় কার্যালয়সমূহে বন্টন পূর্বক করনীয় সম্পর্কিত দিক-নির্দেশনা দিয়ে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হয়েছে। চলতি অর্থবছরের প্রায় ৬(ছয়) মাস অতিক্রান্ত হলেও কোন বিভাগই এ খাতে বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয় নাই। নিম্নে ১৭/১২/২০২০ তারিখভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ সম্পর্কিত তথ্যাদি উপস্থাপন করা হলোঃ

(কোটি টাকায়)

| ক্রঃনঃ | বিভাগের নাম | এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | চলমান ঋণ | | | | | | | | | প্রকল্প ঋণ বিতরণ | মোট বিতরনের অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ট্রেডিং | | | সার্ভিস | | | ম্যানুফেকচারিং | | | | | |
| | | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | | | |
| ০১. | ঢাকা | ৭৯৫.০০ | ২৪০.০০ | ২০৯.০০ | ৮৭ | ২৫০.০০ | ৪.৯৭ | ২ | ২৬৫.০০ | ৯.৫১ | ৪ | ০.৭১ | ২২৪.১৯ | ২৮ |
| ০২. | ময়মনসিংহ | ৩২৫.০০ | ৯০.০০ | ৭১.৮৩ | ৮০ | ১০০.০০ | ৩১.৭৬ | ৩২ | ১০০.০০ | ০.১৩ | ০ | ১.০৮ | ১০৪.৮০ | ৩২ |
| ০৩. | চট্টগ্রাম | ৩৫০.০০ | ৮৫.০০ | ৯৫.১৫ | ১০৮ | ১১০.০০ | ৩.৭৮ | ৩ | ৯০.০০ | ৫.০৮ | ৬ | ৩.৪৭ | ১০৭.৪৮ | ৩০ |
| ০৪. | খুলনা | ৩৫৫.০০ | ১০৪.০০ | ৮১.৮৭ | ৭৯ | ১০৬.০০ | ২.৪০ | ২ | ১১০.০০ | ১৭.৯২ | ১৬ | ০.১১ | ১০২.৩০ | ২৯ |
| ০৫. | বরিশাল | ১৪৯.৫০ | ৩৯.৫০ | ৫৫.৬৫ | ১৪১ | ৩০.০০ | ০ | ০ | ৪৫.০০ | ০ | ০ | ০ | ৫৫.৬৫ | ৩৭ |
| ০৬. | সিলেট | ২৩৫.০০ | ৭০.০০ | ৭২.৩০ | ১০৩ | ৫০.০০ | ১.১০ | ২ | ৮০.০০ | ২.৮৬ | ৪ | ২.৪১ | ৭৮.৬৭ | ৩৩ |
| ০৭. | কুমিল্লা | ৪৩৯.৫০ | ১৭৪.৫০ | ৭৯.৩১ | ৪৫ | ৩০.০০ | ১৪.৯৯ | ৫০ | ২০০.০০ | ২৫.১৯ | ১৩ | ২.৮৪ | ১২২.৩৩ | ২৮ |
| ০৮. | ফরিদপুর | ৩১৫.০০ | ১১০.০০ | ৬৯.০২ | ৬৩ | ৫০.০০ | ২.৬১ | ৫ | ১২০.০০ | ৪.৪৯ | ৪ | ১.৯৮ | ৭৮.১০ | ২৫ |
| ০৯. | কুষ্টিয়া | ৩৯২.০০ | ১৪৭.০০ | ১১৭.১৩ | ৮০ | ৪০.০০ | ০.৮২ | ২ | ১৭০.০০ | ৫.৯১ | ৩ | ১.৯৪ | ১২৫.৮০ | ৩২ |
| ১০. | এলপিও | ১৪৪.০০ | ২৫.০০ | ০.৩৯ | ২ | ৯.০০ | ০ | ০ | ৬০.০০ | ১০.৬০ | ১৮ | ০ | ১০.৯৯ | ৭ |
| মোট | | ৩৫০০.০০ | ১০৮৫.০০ | ৮৫১.৬৫ | ৭৮% | ৭৭৫.০০ | ৬২.৪৩ | ৮% | ১২৪০.০০ | ৮১.৬৯ | ৭% | ১৪.৫৪ | ১০১০.৩১ | ২৯% |

- উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, সিএমএসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৩৫০০.০০ কোটি টাকার বিপরীতে ১৭/১২/২০২০ তারিখ পর্যন্ত অর্জিত হয়েছে ১০১০.৩১ কোটি টাকা, যা মোট বিতরণ লক্ষ্যমাত্রার ২৯%। উক্ত খাতে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা ৪৬% হলেও কোন বিভাগই তা অর্জন করতে পারেনি ;
- এসএমই প্রকল্প খাতে ঋণ বিতরণের পরিমান খুবই হতাশাব্যঞ্জক; বিকেবি, বরিশাল বিভাগ ও স্থানীয় মুখ্য কার্যালয় এ খাত কোন ঋণ বিতরণ করতে পারেনি ;
- এসএমই ঋণ পোর্টফলিওর খাতভিত্তিক কাঙ্খিত গঠন হতে হবে ম্যানুফ্যাকচারিং অন্যূন ৪০%, সেবা অন্যূন ২৫% এবং ব্যবসা সর্বোচ্চ ৩৫%। অথচ সারণীর তথ্য পর্যালোচনায় দেখা যায় এ খাতে মোট বিতরনকৃত ১০১০.৩১ কোটি টাকার মধ্যে ট্রেডিং খাতে বিতরণ করা হয়েছে ৮৫১.৬৫ কোটি টাকা, যা মোট বিতরণের ৮৪%। ট্রেডিং খাতে ৩৫% এর বেশী বিতরণ করা হলে তা এসএমই খাতে প্রদর্শন করা যায় না। ট্রেডিং খাত অপেক্ষা ম্যানুফেকচারিং ও সেবা খাতকে গুরুত্ব দিয়ে ঋণ বিতরণ করতে হবে ;
- বিকেবি, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বিভাগ কর্তৃক ট্রেডিং খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অধিক ঋণ বিতরণ করা হয়েছে যা ঋণ শৃঙ্খলা বজায় রাখার পক্ষে অন্তরায় ;
- মাঠ পর্যায় হতে প্রাপ্ত বিভিন্ন তথ্য, উপাত্ত ও প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় ম্যানুফেচারিং ও সেবা খাতে ঋণ বিতরণ করে তা ভুল রিপোর্টিং এর কারনে ট্রেডিং খাতে প্রদর্শণ করা হচ্ছে, যথাযখভাবে রিপোর্টিং নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০২

০৩। চলতি ২০২০-২১ অর্থবছরে করোনা মহামারির কারনে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার প্রয়োজনে সিএমএসএমই খাতে প্রদত্ত ৩৫০০.০০ কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়াদি অনুসরন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো ঃ

ক) এসএমই ঋণ পোর্টফলিওর খাতভিত্তিক কাঙ্খিত গঠন হবে ম্যানুফ্যাকচারিং অন্যূন ৪০%, সেবা অন্যূন ২৫% এবং ব্যবসা সর্বোচ্চ ৩৫%। উক্ত খাত ভিত্তিক অনুপাত অনুসরনপূর্বক ঋণ বিতরণ করতে হবে এবং তা যথাযথভাবে সাপ্তাহিত ও ত্রৈমাসিক প্রতিবেদনে রিপোর্টিং করতে হবে;

খ) সিএমএসএমই খাতে সামগ্রিক অর্থায়নের অন্যূন ৫০% কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য নির্ধারণ করতে হবে;

গ) সিএমএসএমই খাতে সামগ্রিক অর্থায়নের ১৫% নারী উদ্যোক্তাদের মধ্যে অর্থায়ন করতে হবে;

ঘ) সিএমএসএমই খাতে ঋণ স্থিতি বৃদ্ধি করতে হবে। ২০২৪ সালের মধ্যে সিএমএসএমই খাতের ঋণ স্থিতি ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম স্থিতির ২৫% হতে হবে। ঋণ স্থিতি উন্নীত করার লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;

ঙ) প্রত্যেক শাখায় Women Entrepreneurs' Dedicated Desk/ Help Desk চালু রয়েছে। উক্ত ডেস্কের মাধ্যমে সম্ভাব্য নারী উদ্যোক্তা/ এসএমই উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণের বিষয়ে তথ্য /পরামর্শ প্রদান করতে হবে;

চ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় ন্যূনতম ০৩(তিন) জন নতুন নারী উদ্যোক্তাকে খুঁজে বের করতে হবে এবং উক্ত ০৩(তিন) জন নারী উদ্যোক্তাদের মধ্য থেকে প্রতি বছর ন্যূনতম ০১(এক) জনকে এসএমই এর আওতায় কুটির,মাইক্রো অথবা ক্ষুদ্র খাতে ঋণ প্রদান করতে হবে;

ছ) যে সকল শাখাসমূহের নির্দিষ্ট এলাকায় একাধিক উৎপাদক প্রতিষ্ঠান একইরূপ পণ্য বা সেবা উৎপাদন করে তাদেরকে চিহ্নিত করে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের আওতায় আনতে হবে;

জ) ক্রেডিট বিভাগের ২৬/১১/২০২০ তারিখের সার্কুলার লেটার নং-বিকেবি/প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২০-২১/১৩৪১(১২০০) মূলে জারীকৃত "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম","স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল"এর আওতায় ঋণ বিতরণ করে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে;

ঝ) অর্ধবার্ষিক/বার্ষিক হিসাব বিবরণী এবং ঋণ শ্রেণীবিন্যাস বিবরণীতে প্রদর্শিত সিএমএসএমই ঋণ স্থিতির গড়মিল থাকায় ঋণ শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। মাঠ কার্যালয় হতে প্রেরিত একই তারিখ ভিত্তিক বিবরণীর তথ্যাদি সামঞ্জস্যপূর্ণ হতে হবে;

ঞ) এসএমই'র আওতায় মঞ্জুরীকৃত চলতি মূলধন /নগদ পূঁজি ঋণের মেয়াদ পূর্তির ০২(দুই) মাস পূর্বে ঋণ প্রস্তাব মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০ তারিখ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯) এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরন করে আগামী ৩১/০১/২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরনের আনুপাতিক লক্ষ্যমাত্র অর্জন এবং ৩০/০৬/২০২১ তারিখর মধ্যে লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার পরামর্শ দেয়া হলো। এছাড়াও ম্যানুফেকচারিং, সার্ভিস ও ব্যবসা (ট্রেডিং) উপখাতের জন্য প্রদত্ত/প্রদেয় সামগ্রিক ঋণের নির্ধারিত অনুপাত অনুসরনপূর্বক ঋণ বিতরণ এবং যথাযথভাবে রিপোর্টিং করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ঋণ বিতরণ ও রিপোর্টিং কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৮/১২/২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ১৫৬১ (১২০০) তারিখঃ ২৮/১২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

28/12/2020.

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

*D:\Credit Department\Mosharraf\monirоring.doc*